



সোনালী ব্যাংক লিমিটেড

Sonali Bank Limited

লিগ্যাল ম্যাটার্স ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা।

ফোনঃ-০২-৯৫৬০৯৬৮(ডিজিএম), ০২-৯৫৭১২১৩(এজিএম)

ই-মেইলঃ-dgmlmd@sonalibank.com.bd



দৃষ্ট শপথ মুজিব বর্ষে
আমরা থাকবো সবার শীর্ষে

সোনালী ব্যাংক লিমিটেড-এ প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্তির জন্য বিজ্ঞপ্তি।

বাংলাদেশের সকল জেলায় সোনালী ব্যাংক লিমিটেড-এ প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্তির নিমিত্ত নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন আইনজীবীগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

- ১। আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী হতে হবে।
- ২। The Bangladesh Legal Practitioners and Bar Council Order and Rules, 1972 অনুসারে বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক ইস্যুকৃত সনদপ্রাপ্ত আইনজীবী এবং বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক অনুমোদিত বার (আইনজীবী সমিতি) এর সদস্য হতে হবে।
- ৩। জেলা পর্যায়ে অর্থক্ষণ/দেওয়ানী ও অন্যান্য আদালতে মামলা পরিচালনায় অন্যান্য ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
- ৪। বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশন এবং অ্যাপীলেট ডিভিশনে মামলা পরিচালনায় অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- ৫। ব্যাংক কর্তৃক প্রণীত Key Performance Indicator (KPI) অনুযায়ী যে সকল বিদ্যমান প্যানেল আইনজীবীদের পারফরমেন্স সন্তোষজনক বিবেচিত হবে পুনঃনিয়োগের ক্ষেত্রে তাদেরকে অগ্রাধিকার দেয়া হবে।
- ৬। বিচার বিভাগের কোন অবসরপ্রাপ্ত কর্মকর্তা যদি বার কাউন্সিলের সনদ প্রাপ্ত হয়ে বর্তমানে আইন পেশায় নিয়োজিত থাকেন, তবে তিনিও প্যানেল আইনজীবী হিসেবে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন।
- ৭। মামলা পরিচালনা/প্রতিদ্বন্দ্বিতা ও অন্যান্য আইনগত মতামত প্রদানের জন্য প্রত্যেক প্যানেল আইনজীবী ব্যাংকের অনুমোদিত হারে 'ফি' প্রাপ্ত হবেন।
- ৮। প্যানেলভুক্ত আইনজীবীগণকে ২ (দুই) বছরের জন্য নিয়োগ করা হবে। তবে ব্যাংক কর্তৃপক্ষ উক্ত মেয়াদ হাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ৯। বর্তমানে ব্যাংকের প্যানেলভুক্ত আইনজীবীগণ যাদের মেয়াদ ০২-০৩-২০২১ তারিখে ২ (দুই) বছর পূর্ণ হয়েছে, তারা পুনঃ নিয়োগে আগ্রহী হলে তাদেরকে প্যানেলভুক্তির জন্য নির্ধারিত ছকে নতুনভাবে আবেদন করতে হবে। তবে বিগত ০৮-০৭-২০২০ তারিখে দৈনিক প্রথম আলো ও ডেইলী স্টার পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে আবেদনকারী আইনজীবীগণের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
- ১০। ঢাকা জেলার জন্য নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে লিগ্যাল ম্যাটার্স ডিভিশন, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা অথবা সোনালী ব্যাংক লিমিটেডের ওয়েব সাইট (www.sonalibank.com.bd) থেকে নির্ধারিত ফরম (ছক-'ক') সংগ্রহপূর্বক আবেদন করতে পারবে। আবেদনপত্রের সাথে (ক) জাতীয় পরিচয়পত্রের কপি (খ) সকল শিক্ষাগত যোগ্যতা (গ) পেশাগত অভিজ্ঞতা (ঘ) বাংলাদেশ বার কাউন্সিলে তালিকাভুক্তি, জেলা আইনজীবী সমিতি/সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশনের সনদপত্রের (প্রয়োজ্য ক্ষেত্রে) কপি ও (ঙ) সাম্প্রতিক কালে তোলা পাসপোর্ট সাইজের দুই কপি ছবি সংযুক্ত করে আগামী ৩০/০৬/২০২১ তারিখের মধ্যে সরাসরি ডেপুটি জেনারেল ম্যানেজার, লিগ্যাল ম্যাটার্স ডিভিশন, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকায় প্রেরণ করতে হবে।
- ১১। ঢাকা জেলা ব্যতীত অন্যান্য জেলার প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে সংশ্লিষ্ট জেলার সোনালী ব্যাংক লিমিটেড, প্রিন্সিপাল অফিস/রিজিওনাল অফিস অথবা সোনালী ব্যাংক লিমিটেডের ওয়েব সাইট (www.sonalibank.com.bd) থেকে নির্ধারিত ফরম (ছক-'খ') সংগ্রহপূর্বক আবেদন করতে পারবে। আবেদনপত্রের সাথে ১০ নং ক্রমিকে উল্লেখিত সকল সনদপত্রের সত্যায়িত কপি ও সাম্প্রতিক কালে তোলা পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করে স্ব-স্ব জেলার প্রিন্সিপাল অফিস/রিজিওনাল অফিসে আগামী ৩০/০৬/২০২১ তারিখের মধ্যে দাখিল করতে হবে।
- ১২। ব্যাংক কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১৩। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গন্য হবে।

(বশির আহমেদ)
ডেপুটি জেনারেল ম্যানেজার